

# সংবাদমাধ্যমে জেভার-বিষয়ক অঙ্গীকার সনদ

১

আমাদের অঙ্গীকার : প্রতিষ্ঠানে ও সংবাদে জেভারসাম্য

আমাদের পস্থা : জেভার-ন্যায্যতা ও সংবেদনশীলতা

## অংশগ্রহণে সমতা

- নিয়োগ ও পদোন্নতিতে স্বচ্ছতা ও ন্যায্যতা
- জেডার-নির্বিশেষে আইনানুগ/ন্যায্য সমবেতন ও সুযোগ-সুবিধা
- যোগ্যতার পাশাপাশি প্রার্থীর জেডার-সংবেদনশীলতা বিচার
- সমান যোগ্য প্রার্থীদের মধ্যে নারী ও প্রান্তিক জেডারের প্রার্থীর অগ্রাধিকার
- নিয়োগ-প্রক্রিয়ায় জেডার-বৈচিত্র্য নিশ্চিত করতে ইতিবাচক ও সহযোগিতামূলক ব্যবস্থা (Affirmative action)
- ব্যবস্থাপনার কাজে এবং ব্যবস্থাপক/সিদ্ধান্তগ্রহীতার নিয়োগ ও পদায়নে জেডার-বৈষম্য বিলোপ; মাপকাঠি যোগ্যতা, দক্ষতা ও নেতৃত্বগুণ
- সিদ্ধান্তগ্রহণ পর্যায়ে জেডার-বৈষম্য দূর করতে সুনির্দিষ্ট উদ্যোগ; নারী ও প্রান্তিক জেডারের কর্মীদের এগিয়ে নিতে সহযোগিতা
- কোনো জেডারকে হেয় বা বঞ্চিত না করার ব্যাপারে সতর্কতা; কর্মক্ষেত্রে সমতার পরিবেশ
- বৈষম্যমূলক আচরণ-সিদ্ধান্ত-ব্যবস্থা দূর করতে প্রতিষ্ঠানের সর্বোচ্চ পর্যায় থেকে দ্রুত পদক্ষেপ



- জেডার-সংবেদনশীল আচরণবিধি/নীতিমালা তৈরি; তা সুনিশ্চিত পালনে আলোচনা ও প্রশিক্ষণসহ ব্যবস্থা গ্রহণ
- চাহিদা অনুযায়ী আলাদা টয়লেট, শিশু পরিচর্যা কেন্দ্র এবং সাবলীল কর্মপরিসর জোগাতে তৎপরতা
- আইনানুগ মাতৃকালীন এবং সমতুল্য অন্য ছুটি; ছুটিফেরত কর্মীর প্রতি এবং তাঁর মূল্যায়নে বৈষম্য বা বৈরিতার অবসান
- কর্মীদের জেডারসংক্রান্ত ধারণা, সংবেদনশীলতা ও সৌহার্দ্য বাড়াতে এবং নেতিবাচক মানসিকতা বদলাতে নিয়মিত নানা সৃজনশীল আয়োজন
- নতুন প্রযুক্তিসহ সব প্রশিক্ষণের জন্য অংশগ্রহণকারী বাছাইয়ে জেডারসাম্য
- সাংবাদিকতার সব প্রশিক্ষণে জেডারের ধারণা, সংবেদনশীলতা ও ন্যায্যতার বিষয়গুলো সংযোজন
- গৎবাঁধা ধারণার ভিত্তিতে দায়িত্ব বণ্টন না করা; সিদ্ধান্তগ্রহণসহ সব কাজে জেডারসাম্য রাখতে সক্রিয়তা
- সে উদ্দেশ্যে জেডারভেদে প্রাসঙ্গিক প্রশিক্ষণ ও সহায়তা
- কাজের উপকরণ বিতরণে অথবা ক্রয়ে কর্মীকে সহায়তার ক্ষেত্রে বৈষম্য মোচন



## সংবাদে জেভারের উপস্থিতি ও উপস্থাপনা

- নৈতিকতা-সংক্রান্ত লিখিত নীতিমালা অনুসরণ; সংবাদ ও সংবাদ-সংক্রান্ত সব পরিবেশনায় জেভার, জাতি, ধর্ম, বর্ণসহ কোনো মাপকাঠিতেই কারও প্রতি ঘৃণা-বিদ্বেষ-বিরাগ তৈরি না করা; জেভার-বিষয়ক গঁৎবাধা ধারণা প্রকাশ করা নয়; নানা ধরনের জীবন ও চাহিদা সম্পর্কে জানানো
- সংবাদ-সংক্রান্ত সব পরিবেশনায় বিভিন্ন জেভারের বহুমুখী ভূমিকা, কণ্ঠস্বর (বিশেষত বিশেষজ্ঞ, মুখপাত্র ও জড়িতজন হিসেবে), দৃষ্টিভঙ্গি ও মতামত উপস্থাপন
- সংবাদের সঙ্গে অপ্রাসঙ্গিক দৃশ্য-উপাদানের ব্যবহার নয়
- সংবাদের কোনো উপকরণে বা সামগ্রিকভাবে কারও কোনো অযাচিত ক্ষতি বা অবমাননা করা নয়; ব্যক্তিগত গোপনীয়তা বা মানবিক মর্যাদা ক্ষুণ্ণ না করা
- শব্দ-বর্ণনা-সুর-বিন্যাসে এ সমস্যাগুলো এড়ানোর জন্য ভাষানির্দেশিকা প্রণয়ন ও অনুসরণ
- আমাদের কোনো সংবাদ, মতামত, ভিডিও, ছবি, কার্ড বা টুকরো খবর সামাজিক যোগাযোগমাধ্যমে পরিবেশনের সময় এসব সমস্যা এড়াতে সতর্কতা

- বিজ্ঞাপনের ক্ষেত্রে উল্লিখিত অসংবেদনশীলতা এড়াতে সজাগ দৃষ্টি
- সংবাদে তথ্যগত ভুল এবং কারও অযাচিত ক্ষতি হলে ডিজিটাল মাধ্যমসহ সব সংস্করণে সুস্পষ্ট ও পূর্ণাঙ্গ সংশোধনী প্রকাশ

## ৪

### নীতিমালা

- লিখিত নীতিমালাগুলোতে জেভারের মাত্রা সংরক্ষণ; বিশেষত অংশগ্রহণে ও উপস্থাপনে
- নীতিমালায় প্রাসঙ্গিক আইনবিধি ও রাষ্ট্রীয় নীতির অনুসরণ, তবে জেভারসাম্য এবং স্বাধীন ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতার পরিপন্থী বিধানের ক্ষেত্রে নয়
- নারীসহ প্রান্তিক জেভারের জন্য ইতিবাচক ও সহযোগিতামূলক কার্যনীতি প্রণয়ন



## স্বাস্থ্য, সুরক্ষা, নিরাপত্তা

- জেভার-নির্বিশেষে সব কর্মীর নিরাপত্তা ও সুরক্ষায় সর্বোচ্চ সতর্কতা
- যথাপ্রয়োজন নিরাপদ পরিবহনব্যবস্থা; নারী ও প্রান্তিক জেভারের সাংবাদিকদের রাতে যাতায়াত এবং কর্মক্ষেত্রে নিরাপত্তার ব্যবস্থা
- যৌন হয়রানি প্রতিরোধে ২০০৯ সালে দেওয়া হাইকোর্টের নির্দেশনামতো অভিযোগ প্রতিকার কমিটি গঠন; সব ধরনের বৈষম্যের অভিযোগ মীমাংসার ব্যবস্থা
- বৈরী পরিবেশে বা অন্যান্য কাজের ক্ষেত্রে শারীরিক ও মানসিক স্বাস্থ্যঝুঁকি, ডিজিটাল হয়রানি, আর্থিক নিরাপত্তাহীনতা এবং আইনগতসহ সব ধরনের ঝুঁকি থেকে কর্মীর সুরক্ষার জন্য লিখিত নীতি ও ব্যবস্থা

অঙ্গীকারগুলো ঠিকমতো মানা হচ্ছে কি না, তার নিয়মিত তদারকি ও জবাবদিহি